

০৩ ডিসেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

আহ্‌ছানউল্লা বিশ্ববিদ্যালয়ের নেতৃত্বে গার্মেন্টস ফ্যাক্টরিসমূহের জন্য এনআইপিওএসএইচ প্রকল্পের উদ্বোধন



পোশাক কারখানার উৎপাদনশীলতা বাড়াতে নেটওয়ার্ক টু ইন্টিগ্রেড প্রডাকটিভিটি অ্যান্ড অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ ইম্প্রুভমেন্টস (এনআইপিওএসএইচ) প্রকল্পের উদ্বোধন করা হয়েছে সোমবার, ৩০ নভেম্বর ২০২০। প্রকল্পটির উদ্বোধন করেন আহ্‌ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী জুম অ্যাপসের মাধ্যমে এবং উদ্বোধনী বক্তৃত্তা দেন।

আহ্‌ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও আলবগ ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে গত পাঁচ বছরের গবেষণার পরিপ্রেক্ষিতে এই প্রকল্পের উদ্যোগ নেওয়া হয়। ডেনমার্ক সরকারের অর্থায়ন ও বিজিএমইএ এর সক্রিয় অংশগ্রহণে এ প্রকল্প বাস্তবায়িত হতে যাচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকায় নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত উইনি স্ট্রাপ পিটারসেন, বিজিএমইএ-এর সভাপতি ড. রুবানা হক, সাউদার্ন ইউনিভার্সিটি অব ডেনমার্কের অধ্যাপক

পিটার হ্যাসলে এবং ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) পরিচালক নিচিন্ত কুমার পোদার।



প্রকল্পটির প্রজেক্ট লিডার আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্র ও উৎপাদন প্রকৌশল বিভাগের প্রধান প্রফেসর ড. মোহাম্মদ সারওয়ার মোর্শেদ। প্রকল্পটি নিয়ে বিস্তারিত আলোচনা করেন ও বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

এই অনুষ্ঠানে আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান, রেজিস্ট্রার ড. মো. মোশারফ হোসাইন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, অফিস প্রধান, শিক্ষক-কর্মকর্তারা জুম অ্যাপসের মাধ্যমে অংশগ্রহণ করেন।